



## জেলা পরিষদ কার্যালয়

মেহেরপুর

(www.zpmeherpur.gov.bd)

স্মারক নং-জেপ/মেহের/২০২৪- ২১৯(৯)

তারিখ : ১৫-১০-২০২৪ খ্রিঃ।

বিষয় : জেলা পরিষদের অব্যয়িত বরাদ্দের অর্থে প্রকল্প গ্রহণ ও আবাস্তবায়িত প্রকল্পের বিষয়ে কমিটি গঠন।

সূত্র : গত ০৬-১০-২০২৪ তারিখে জেলা পরিষদ, মেহেরপুর এর কর্মসম্পাদনে সহায়তা কমিটির প্রথম সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দে গৃহিত ২২৮(দুইশত আটশ) টি প্রকল্প গ্রহণ করে স্থানীয় সরকার বিভাগে প্রশাসনিক অনুমোদনের জন্য গত ১০-০৭-২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়(কপি সংযুক্ত)। এছাড়াও ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপির বিশেষ বরাদ্দ হতে ৫০.০০ লক্ষ টাকা, ২০২০-২০২১ অর্থবছরের এডিপির সংরক্ষিত (মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী) উপখাত হতে ১০০.০০ লক্ষ টাকা, ২০২১-২০২২ অর্থবছরের এডিপির সংরক্ষিত (মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী) উপখাত হতে ৫০.০০ লক্ষ টাকা, ২০২২-২০২৩ অর্থবছরের এডিপির সংরক্ষিত (মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী) উপখাত হতে ১০০.০০ লক্ষ টাকা ও ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপির সংরক্ষিত (মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী) উপখাত হতে ১০০.০০ লক্ষ টাকাসহ সর্বমোট=৪০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। স্থানীয় সরকার বিভাগ হতে গত ০১-১০-২০২৪ তারিখে ৪৬.০৪২.০০০০.০০০.২২.০০২. ১৫.১৪৫৯ নং স্মারক পত্রের মাধ্যমে জেলা পরিষদের আওতাধীন উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন(কপি সংযুক্ত)। নির্দেশনা মোতাবেক গত ০৬-১০-২০২৪ তারিখে জেলা পরিষদ, মেহেরপুর এর কর্মসম্পাদনে সহায়তা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক অব্যয়িত অর্থ দ্বারা নতুন প্রকল্প গ্রহণ এবং আবাস্তবায়িত প্রকল্প পরিবর্তনের ক্ষেত্রে প্রকল্পের যৌক্তিকতা, উপযোগিতা ও জনকল্যাণমুখীতা যথাযথভাবে যাচাইপূর্বক প্রকল্প দাখিল করার জন্য নিম্নরূপ একটি ০৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো।

০১।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর।	আবাস্তবায়ক
০২।	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।	সদস্য
০৩।	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।	সদস্য
০৪।	উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর উপজেলা, মেহেরপুর।	সদস্য
০৫।	সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মেহেরপুর।	সদস্য-সচিব

এমতাবস্থায়, অব্যয়িত অর্থ দ্বারা নতুন প্রকল্প গ্রহণ এবং প্রকল্প পরিবর্তনের ক্ষেত্রে প্রকল্পের যৌক্তিকতা, উপযোগিতা ও জনকল্যাণমুখীতা যথাযথভাবে যাচাইপূর্বক অতিদ্রুত নতুন প্রকল্পের তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(সিফাত মেহনাজ)

প্রশাসক

জেলা পরিষদ, মেহেরপুর।

ফোনঃ ০২৪৭৭৭৯২৫৭১(অফিস)

E-mail- meherpurzp@gmail.com

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর উপজেলা, মেহেরপুর।
- ০৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মেহেরপুর।
- ০৭। অফিস কপি।